আল্লাহর নামে মিথ্যা শপথ করা আল্লাহ ছাড়া অন্যের নামে সত্য শপথ করার চেয়ে শ্রেয়।

আবদুল্লাহ ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নামে
মিথ্যা শপথ করা আমার কাছে আল্লাহ ব্যতীত অন্যের নামে সত্য শপথ করার চেয়ে উত্তম।
[সহীহ] [এটি ইবন আবী শাইবাহ বর্ণনা করেছেন। - এটি আব্দুর রায্যাক বর্ণনা করেছেন।]

ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, কোনো একটি মিথ্যা বিষয়ে আল্লাহর নামে কসম খাওয়া আমার কাছে আল্লাহ ছাড়া অন্য কারো নামে সত্য কসম খাওয়ার চেয়ে উত্তম। তিনি আল্লাহর নামে মিথ্যা শপথ করাকে অন্য কারো নামে সত্য শপথ করার উপর প্রধান্য দিয়েছেন। কেননা এখানে আল্লাহর নামে শপথের মাধ্যমে তাওহীদের সাওয়াব পাওয়া যাবে, যদিও এখানে মিথ্যার গুনাহ রয়েছে। অন্য কারো নামে সত্য শপথ করার মধ্যে সত্যবাদীতার কল্যাণ রয়েছে। কিন্তু তাতে রয়েছে শির্কের গুনাহ। তবে তাওহীদের ছাওয়াব সত্যবাদিতার ছাওয়াবের চেয়ে বেশি। আর মিথ্যাবাদিতার গুনাহ শির্কের গুনাহর চেয়ে সহজতর।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3353